186

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 24 APR 1998 ..
পৃষ্ঠা 7 কলাম 8 ......

# গোলযোগপূর্ণ পরীক্ষাকেন্দ্র বাতিলের সিদ্ধান্ত

সরকার গোলযোগপূর্ণ পরীক্ষাকেন্দ্র বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষাবোর্ড, জেলা প্রশাসন, থানা নির্বাহী অফিসার, সংবাদপত্র ও বিভিন্ন সংস্থার প্রতিবেদনের ভিত্তিতে এসব কেন্দ্র বাতিল হবে। কোন কেন্দ্র বাতিলের পর তা আর

(১১ পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## গোলযোগপূর্ণ

(প্রথম পাতার পর)

বহাল করা হবে না। এ ব্যাপারে কোন সুপারিশ গ্রহণযোগ্য নয়। বৃহস্পতিবার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়।

এতে বলা হয়, পরীক্ষা সুষ্ঠুভাবে চালাতে হলে অব্যবস্থাপূর্ণ কেন্দ্র বাতিল করা ছাড়া কোন উপায় থাকে না। আর কেন্দ্র বাতিল হলে প্রধান ভোগান্তির শিকার হয় ভাল ছাত্ররা। তাই পরীক্ষাকেন্দ্রের সুনাম রক্ষার্থে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য স্থানীয় জনগণ, বিদ্যানুরাগী ও জননেতাদের প্রতি আহ্বান জানানো হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, সরকার গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে, কিছু কিছু এসএসসি পরীক্ষাকেন্দ্রে ব্যাপক নকল হচ্ছে। বহিরাগত দুষ্কৃতকারীরাও অসদুপায় অবলম্বনকারী পরীক্ষার্থীদের সহায়তা করতে গিয়ে মারমুখী আচরণ করছে। স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী প্রতিষ্ঠান ছাড়াও এই প্রবণতা রোধ করার দায়িত্ব পরীক্ষাকেন্দ্রগুলোর ব্যবস্থাপনা কমিটি, কেন্দ্রের পরিদর্শক, শিক্ষক ও অভিভাবকদের। এ ব্যাপারে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানানো হয়েছে।